# স্ক্রিল
## মানিবুকার্সের নতুন রূপ

মৃণাল কান্তি রায় দীপ

মানিবুকার্স নিয়ে কমপিউটার জগৎ নভেম্বর, ২০০৯ সংখ্যায় মো. জাকারিয়া চৌধুরীর একটি লেখা প্রকাশিত হয়। এবারের সংখ্যায় মানিবুকার্সের নতুন রূপ স্ক্রিলের ফিচার এবং কিছু গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে।

মে, ২০১২ থেকে মানিবুকার্স তাদের রিব্র্যান্ডিং (স্ক্রিল)-এর কাজ জনসমক্ষে শুরু করেছে এবং যদিও তাদের পরিকল্পনা ছিল ২০১১ সাল থেকেই। অফিসিয়াল ঘোষণা অনুযায়ী ডিসেম্বর, ২০১২-এর মধ্যে এই রিব্র্যান্ডিং (স্ক্রিল)-এর কাজ পুরোপুরি শেষ হওয়ার কথা। এখন পর্যন্ত তারা তাদের পুরনো ওয়েবসাইটের মাধ্যমেই সব সেবা দিয়ে যাচ্ছে (www.moneybookers.com), যদিও www.skrill.com-এ ব্রাউজ করা যায়, কিন্তু শেষ পর্যন্ত পুরনো সাইটেই ব্যবহারকারীকে রিডাইরেক্ট করা হয়।

স্ক্রিলকে ধরা হয় পেপালের প্রধান বিকল্প হিসেবে। বিশেষ করে যেসব দেশে পেপালের কোনো সাপোর্ট নেই, সেসব দেশের জন্য স্ক্রিল একটি আদর্শ মাধ্যম। এটি পেপালের মতোই নিরাপদ, দ্রুত এবং সাশ্রয়ী অর্থ লেনদেনের পদ্ধতি। এর মাধ্যমে একজন ব্যবহারকারী থেকে অপর আরেকজনের কাছে মুহূর্তের মধ্যে অর্থ লেনদেন করা যায়। অর্থ লেনদেনের জন্য প্রাপকের নাম বা ব্যাংক অ্যাকাউন্ট কিছুই জানার প্রয়োজন নেই, শুধু তার ই-মেইল ঠিকানাটিই যথেষ্ট।

বর্তমানে স্ক্রিলে ৩০ মিলিয়ন অ্যাকাউন্ট হোল্ডার রয়েছে। এটি বাংলাদেশসহ বিশ্বের ২০০টিরও বেশি দেশে ১০০ প্রকারের অর্থ লেনদেনের সুবিধা দেয় ৪১ ধরনের মুদ্রায়। ১ লাখ ৩৫ হাজারেরও বেশি মার্চেন্ট প্রতিষ্ঠান মানিবুকারের মাধ্যমে অনলাইনে সার্ভিস দিয়ে থাকে, যার মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে eBay.com, Skype এবং Thomas Cook।

স্ক্রিলের অনেক ধরনের ব্যবহার থাকলেও আমাদের দেশে ফ্রিল্যান্সাররা ফ্রিল্যান্স আউটসোর্সিং মার্কেটপ্লেস থেকে অর্থ উত্তোলনের জন্য এটি ব্যবহার করে থাকেন। যেহেতু বড় মার্কেটপ্লেসগুলো স্ক্রিল সাপোর্ট করে, তাই ফ্রিল্যান্সাররা এটি ব্যবহার করতে স্বাচ্ছন্দ্যবোধ করেন বেশি। সাশ্রয়ী অর্থ লেনদেন এর একটি বড় গুণ। মোটামুটি নামকরা সব মার্কেটপ্লেস যেমন : oDesk, Elance, Freelance, Envato Marketplace (ThemeForest, GraphicRiver etc), 99Designs, MochiMedia ইত্যাদি পেপালের, পেওনারের পাশাপাশি স্ক্রিলও সাপোর্ট করে।

যদিও নভেম্বর, ২০০৯ সংখ্যায় অনেক বিষয় নিয়ে আলোচনা হয়েছিল, তবুও এখানে সেগুলো আবার আলোচনা করা হয়েছে, যেহেতু স্ক্রিলের নিয়মকানুনে অনেক পরিবর্তন আনা হয়েছে।

### রেজিস্ট্রেশন করার পদ্ধতি

স্ক্রিলে রেজিস্ট্রেশন অত্যন্ত সহজ, যা কয়েক মিনিটের মধ্যেই সম্পন্ন হয়ে যায় এবং তা ফ্রি। তবে স্ক্রিলের সম্পূর্ণ সুবিধা পেতে হলে কয়েকটি বিষয় নিশ্চিত করতে হবে। স্ক্রিলের নিরাপত্তা জোরদার করার জন্য এটি প্রত্যেক ব্যবহারকারীকে তিনটি পদ্ধতিতে যাচাই করে থাকে। এগুলো হচ্ছে– ঠিকানা যাচাই, ব্যাংক অ্যাকাউন্ট যাচাই এবং ক্রেডিট/ডেবিট কার্ড যাচাই। তৃতীয় পদ্ধতিটি হচ্ছে ঐচ্ছিক, তবে প্রথম দুটি অবশ্যই সম্পন্ন করতে হবে।

### ঠিকানা নিশ্চিত করা

লগইন করার পর My Account পৃষ্ঠায় Account Status অংশ থেকে Address Verify লিংক্কে ক্লিক করুন। পরবর্তী পৃষ্ঠায় আপনার ঠিকানাটি দেখাবে, এরপর 'Send me a verification letter' বাটনে ক্লিক করুন। স্ক্রিল আপনার ঠিকানায় একটি চিঠি পাঠাবে। চিঠিটি আসতে কয়েক সপ্তাহ সময় লাগতে পারে। চিঠিতে আপনাকে ছয়টি সংখ্যার একটি কোড পাঠানো হবে। কোডটি পাওয়ার পর সাইটে লগইন করে 'My Account'→'Profile' পৃষ্ঠায় গিয়ে আপনার ঠিকানার পাশের 'Verify' লিংক্কে ক্লিক করুন। তারপর সেই কোডটি জমা দিন। এরপর আপনি স্ক্রিলের মাধ্যমে অর্থ লেনদেন শুরু করতে পারবেন।


### ব্যাংক অ্যাকাউন্ট যোগ করা

স্ক্রিল থেকে আপনার ব্যাংকে অর্থ উত্তোলন করতে হলে My Account থেকে প্রথমে একটি ব্যাংক যোগ করুন। এক্ষেত্রে আপনার ব্যাংকের SWIFT কোড, ব্যাংকের ঠিকানা, আপনার ব্যাংক অ্যাকাউন্ট নাম্বার ইত্যাদি দিতে হবে। স্ক্রিলে ব্যাংক অ্যাকাউন্ট যোগ করার সাথে সাথে আপনি ব্যাংকে অর্থ উত্তোলন করতে পারবেন। তবে এক্ষেত্রে স্ক্রিল আপনার ব্যাংক অ্যাকাউন্টটি যাচাই করতে বলবে। ব্যাংক অ্যাকাউন্ট যাচাই করার জন্য ব্যবহারকারীর ব্যাংক থেকে মানিবুকর্সের অ্যাকাউন্টে সামান্য পরিমাণ অর্থ (৫ থেকে ১০ ডলার) প্রেরণ করতে হয়। তবে বাংলাদেশের আইনের জন্য কোনো ব্যাংক থেকেই স্ক্রিলে কোনো টাকা পাঠাতে পারবেন না। এক্ষেত্রে নিচের পদ্ধতিটি অনুসরণ করুন–

০১. কোনো ফ্রিল্যান্সিং সাইট থেকে অর্থ পাওয়ার পর স্ক্রিল দিয়ে একবার উত্তোলন করুন। ব্যাংক অ্যাকাউন্ট যাচাই না করেও আপনি দুইবার অর্থ উত্তোলন করতে পারবেন। এজন্য লগইন করে Withdraw লিংকে ক্লিক করুন।

০২. যেহেতু আমাদের দেশ থেকে স্ক্রিলে কোনো টাকা পাঠাতে পারবেন না সেহেতু আগে থেকেই ওদের এই বিষয়টি জানিয়ে দিন। এর জন্য তাদের কাস্টমার কেয়ারে যোগাযোগ করতে হয়। কাস্টমার কেয়ারে মেসেজ দেয়ার পদ্ধতি নিচে তুলে ধরা হয়েছে।

ক. My Account পেজে ঢোকার পর বাম দিকে Email Support নামে একটা লিঙ্ক পাবেন, অথবা লগইন করার পর এই লিঙ্কে যান https://www.moneybookers.com/app/faqmessaging.pl




*চিত্র-১*

খ. আগত Support Centre নামের নতুন পেজে চিত্র-১-এর মতো কয়েকটি ট্যাব দেখতে পাবেন। সেখান থেকে My Profile ট্যাবে ক্লিক করুন।




*চিত্র-২*

গ. My Profile ট্যাবের অধীনে অনেকগুলো অপশন পাবেন। এর মধ্য থেকে সবচেয়ে নিচের General ট্যাবের My Account enquiries-এ ক্লিক করলে টেক্সটবক্স ওপেন হবে।


ঘ. ওই টেক্সটবক্সে বাংলাদেশের আইনের জন্য কোনো ব্যাংক থেকেই স্ক্রিলে কোনো টাকা পাঠাতে পারবেন না তা বলুন। শেষে সাবমিট বাটনে ক্লিক করে মেসেজ পাঠিয়ে দিন।

ঙ. মেসেজ পাঠানো শেষ হলে চিত্র-২-এর মতো একটা নিশ্চিতকরণ বার্তা দেখাবে, যা দিয়ে ►



চিত্র-৩

বুঝতে পারবেন আপনার টিকেটের সমস্যা তাদের কাছে পৌঁছেছে এবং ভবিষ্যত অনুসন্ধানের জন্য বার্তায় দেয়া টিকেট আইডিটা সংগ্রহে রাখুন।



চিত্র-৪

০৩. স্ক্রিল থেকে টাকা Withdraw দেওয়ার পর ৫ থেকে ৭ দিন সময় নেবে আপনার ব্যাংক অ্যাকাউন্টে আসতে। এই ফাঁকে আপনার ওপেন করা টিকেটেরও উত্তর এসে যাবে স্ক্রিল সাপোর্ট সেন্টার থেকে ম্যানুয়ালি ব্যাংক অ্যাকাউন্ট ভেরিফাই কেমন করে করবেন। সাধারণত স্ক্রিল ম্যানুয়ালি ব্যাংক অ্যাকাউন্ট করার জন্য একটি ব্যাংক স্টেটমেন্ট, দেশের বৈধ নাগরিক তা প্রমাণের জন্য জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট/ড্রাইভিং লাইসেন্সের অনুলিপি চায়।



চিত্র-৫

০৪. টাকা ব্যাংকে জমা হওয়ার পর ব্যাংক থেকে একটি ব্যাংক স্টেটমেন্ট চেয়ে নিন। ব্যাংক স্টেটমেন্টের মধ্যে স্ক্রিল থেকে যে অর্থ পেয়েছেন তার তারিখ এবং ডলারের পরিমাণ দেখতে পাবেন। কিন্তু এই ডলার কার কাছ থেকে এসেছে তা উল্লেখ থাকবে না। এজন্য আপনাকে ওই লেনদেনের SWIFT Transaction নামের আরেকটি কাগজ সংগ্রহ করতে হবে। সাধারণত ব্যাংক এই কাগজটি আপনাকে দিতে চাইবে না। কিন্তু আপনি যদি পুরো বিষয়টি তাদেরকে বুঝিয়ে বলতে পারেন তাহলে তারা আপনাকে কাগজটির ফটোকপি দিতে সম্মত হবে।

০৫. ব্যাংকের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কাগজগুলো সত্যায়িত করার পর এগুলোকে স্ক্যান করে কমপিউটারে নিন। সাথে জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট/ড্রাইভিং লাইসেন্সের যেকোনো একটিও স্ক্যান করে কমপিউটারে নিন। উল্লেখ্য, যদি উপরোক্ত তিনটির একটিও না থাকে তবে শুধু ব্যাংক স্টেটমেন্টের স্ক্যান কপি দিয়ে ব্যাংক অ্যাকাউন্ট ভেরিফাই করা যায়। যদি একাধিক স্ক্যান কপি হয় তবে সেগুলো জিপ করে নিন।

০৬. ক. এরপর ২নং ধাপের মতো Email Support পেজে গিয়ে Account/Security ট্যাবে ক্লিক করুন।

খ. নতুন আসা পেজ থেকে 'You have requested information and/or documents from me' লেখায় ক্লিক করুন।

গ. ২নং ধাপে প্রাপ্ত টিকেট আইডি এই ধাপের টিকেট আইডি বক্সে বসান। Upload documents রেডিও বাটন অন রেখে Browse বাটনে ক্লিক করুন।

অ্যাটাচমেন্টগুলো জিপ করা থাকলে সিলেক্ট করুন এবং নিচের টেক্সট বক্সের মাধ্যমে তাদেরকে জানিয়ে দিন বাংলাদেশ থেকে যেহেতু কোনো টাকা স্ক্রিলে পাঠানো সম্ভব নয়, তাই আপনি ব্যাংক স্টেটমেন্ট এবং সংশ্লিষ্ট কাগজের স্ক্যান কপি এই টিকেটের মাধ্যমে পাঠাচ্ছেন যা তারা চেয়েছিল। তারা যেন Manually আপনার ব্যাংক অ্যাকাউন্ট যাচাই করে নেয় এবং যদি আপনার জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট/ড্রাইভিং লাইসেন্স না থাকে কারণও জানিয়ে দিন।



চিত্র-৬

০৭. ই-মেইল পাঠানোর ৫ থেকে ৭ দিনের মধ্যে স্ক্রিল থেকে ই-মেইল পাবেন। সবকিছু উপরে উল্লিখিত নিয়ম অনুযায়ী করতে পারলে স্ক্রিল কর্তৃপক্ষ আপনার ব্যাংক অ্যাকাউন্টটি নিশ্চিত করে নেবে। এরপর স্ক্রিলের সব সুবিধা নিরবচ্ছিন্নভাবে উপভোগ করতে পারবেন।

স্ক্রিলে ব্যাংক অ্যাকাউন্ট যুক্ত করে তা যাচাই করাটা প্রথম দিকে একটু ঝামেলাপূর্ণ। কিন্তু একবার যাচাই হয়ে গেলে স্ক্রিলের কল্যাণে অনলাইনে অর্থ লেনদেনের একটি বিশাল ক্ষেত্র আপনার সামনে উন্মোচিত হয়ে যাবে, যা দিয়ে অনলাইন ফ্রিল্যান্সিং, ই-কমার্স সাইট তৈরি, অনলাইনে কেনাকাটা ইত্যাদি অসংখ্য কাজে স্ক্রিলকে ব্যবহার করতে পারবেন। বাংলাদেশী ফ্রিল্যান্সাররা তাদের পরিচিত ক্লায়েন্টের কাছ থেকে এই পদ্ধতিতে কোনো খরচ ছাড়াই সরাসরি অর্থ গ্রহণ করতে পারবেন (যুক্তরাষ্ট্রের ক্লায়েন্ট ছাড়া)। স্ক্রিল একদিকে যেমন সাশ্রয়ী, অন্যদিকে নিরাপদ এবং ঝামেলাবিহীন অনলাইন লেনদেনের মাধ্যম।

## ক্রেডিট/ডেবিট কার্ড যোগ করা

যাদের ক্রেডিট/ডেবিট কার্ড রয়েছে তারা ইচ্ছে করলে স্ক্রিলে কার্ডটি যোগ করে কার্ডের টাকা স্ক্রিলে নিয়ে যেতে পারবেন। বর্তমানে অনেকেরই পেওনার প্রদত্ত ডেবিট মাস্টারকার্ড রয়েছে। এই কার্ডের নানাবিধ সুবিধা রয়েছে। তবে এই কার্ডের টাকাকে শুধু ATM থেকে ক্যাশ হিসেবে উত্তোলন করতে হয়, ব্যাংকের সাথে এর কোনো যোগাযোগ নেই। যদি কার্ডের টাকাকে আপনার ব্যাংকে জমা রাখতে চান তাহলে এটিএম থেকে টাকা নিয়ে ব্যাংকে গিয়ে জমা দিতে হবে। এটিএম থেকে এক দিনে একটি নির্দিষ্ট অংকের বেশি অর্থ উত্তোলন করতে পারবেন না। ফলে বড় অংকের অর্থের ক্ষেত্রে কয়েক দিনে টাকা জমা দিতে হবে, যা ঝামেলাপূর্ণ এবং নিরাপদও নয়। স্ক্রিলের মাধ্যমে সেই কাজটি ঘরে বসেই কয়েকটি ক্লিকের মাধ্যমেই করতে পারবেন। এজন্য প্রথমে আপনার মাস্টারকার্ডটি স্ক্রিলে যোগ করুন। কার্ডটি সঠিকভাবে যাচাই হওয়ার পর উপরের মেনু থেকে Upload Funds লিংকে ক্লিক করে Credit Card অপশনটি সিলেক্ট করুন। এরপর আপনার কার্ডের পেছনে লেখা তিনটি সংখ্যার CVV2 কোড দিন এবং কত টাকা কার্ড থেকে স্ক্রিলে নিতে চান তা উল্লেখ করুন। Next বাটনে ক্লিক করার সাথে সাথেই কার্ড থেকে স্ক্রিলের অ্যাকাউন্টে টাকা জমা হয়ে যাবে। এরপর মেনু থেকে Withdraw লিঙ্কে ক্লিক করে এই টাকা আপনার ব্যাংক অ্যাকাউন্টে প্রেরণ করুন। কার্ড থেকে স্ক্রিলে টাকা আনতে ১.৯ শতাংশ চার্জ যুক্ত হবে, যা মাস্টারকার্ডের মাধ্যমে টাকা উত্তোলনের চেয়ে সাশ্রয়ী। কারণ পেওনারের মাস্টারকার্ড থেকে এটিএম-এর মাধ্যমে প্রতিবার টাকা উত্তোলন করতে ৩ শতাংশ চার্জ দিতে হয়। কজ

*ফিডব্যাক : mkrdip@yahoo.com*